R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ । ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৪৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৫ই চৈত্র বুধবার, ১৩৯৭ সাল
২০শে মার্চ, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫্

## বিভিন্ন দুর্নীতিতে ভরা তেঘরী হাসপাতাল স্বাস্থ্য বিভাগের কলঙ্ক

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের তেঘরী হাসপাতাল সম্বন্ধে স্থানীয় গ্রামবাসীদের অভিযোগ দীর্ঘ দিনের। তবুও স্বাস্থ্য বিভাগের টনক নড়েনি। প্রথমতঃ এখানে দু'জন ডাক্তারের মধ্যে ডাঃ সমীর পাল কাজে যোগদানের কয়েক মাসের মধ্যেই এখান থেকে চলে যান। শোনা যায় তিনি নাকি কোথায় এক নার্সিং হোম করে ব্যবসা করছেন। আর একজন নার্স ও দীর্ঘদিন থেকে হাসপাতালে অনুপস্থিত। কিন্তু দুজনেরই নাকি বেতন ট্রেজারী থেকে যথারীতি তুলে আনার পর বিলি না হয়ে বেআইনীভাবে হাসপাতালের ক্লার্ক জালাউদ্দিনের কাছে মজুত থাকছে। স্বাস্থ্য বিভাগের কর্মী ইউনিয়নের জনৈক নেতা মরজেম হোসেন অভিযোগ করেন ব্যক্তিগতভাবে বেতনের টাকা নিজের কাছে রাখা অবৈধ। স্থানীয় কয়েকজন কর্মী আমাদের প্রতিনিধিকে জানান ডাঃ চাকী এখানে আসার পর দুর্নীতি আরো প্রশ্রয় পেয়েছে। হাসপাতাল প্রাঙ্গণের আম ও কাঁঠাল গাছের ফল গত বছর পঁচিশ শো টাকায় বিক্রি হলেও সে টাকা নাকি সরকারী খাতে জমা পড়েনি। সি এম ও এইচ এ সম্বন্ধে তদন্তে এসে এ বছর ফল বিক্রি করতে নিষেধ করে যান বলে খবর। ডাঃ চাকীর সম্বন্ধে আরো অভিযোগ তিনি ঐ হাসপাতালের সুইপার খেদিয়ার মৃত্যুর পর তাঁর ছেলে রাজুকে টাকা পয়সা দেওয়ার ব্যাপারে নাকি বাধা দিচ্ছেন। অন্যদিকে ডি গ্রুপের কর্মী নারায়ণ রবিদাসকে সি গ্রুপের কোয়ার্টার দখল করতে সুযোগ দিয়েছেন। এমন কি বিদ্যুৎ বিল না দেওয়ার (শেষ পৃষ্ঠায়)

## কংগ্রেসের কর্মী সম্মেলনে গণি খাঁন চৌধুরী

নবারুণ পয়েন্ট : গত ১৫ মার্চ এন টি পি সির স্থায়ী কলোনীতে কংগ্রেসের কর্মী ইউনিয়নের একদিনের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়। বিকেল পাঁচটা নাগাদ প্রকাশ্য সমাবেশে কংগ্রেস নেতা মোজাম্মেল হক, মালদা পৌরসভার পুরপতি কৃষ্ণেন্দু চৌধুরী, সাবিত্রী মিত্র, মাইনুল হক উপস্থিত ছিলেন। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও রাজ্য সভাপতি এ বি এ গণি খাঁন চৌধুরী প্রধান অতিথি হিসাবে সম্মেলনে ভাষণ দেন। তিনি বলেন তাপ বিদ্যুৎ উদ্বোধনের দিন থেকেই তিনি এর সঙ্গে জড়িত আছেন। তিনি কংগ্রেসের দুই কর্মী সংস্থাকে আসন্ন লোক-সভা নির্বাচনে কংগ্রেসের পক্ষে এক সঙ্গে কাজ করতে আহ্বান জানান। এখানে ট্রেনিং সেন্টারটিকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে ইলেকট্রনিক্স সেন্টার করা হবে বলে তিনি জানান। ফরাক্কা জল বিদ্যুতের ব্যাপারে প্রধানমন্ত্রী চন্দ্রশেখরের সঙ্গে আলাপ আলোচনা করে এক হাজার কোটি টাকা মঞ্জুরী অনুমোদিত হয়েছে বলে তিনি ঘোষণা করেন। এই পরিকল্পনা সফল হলে মালদা, মুর্শিদাবাদের প্রায় ৪/৫ হাজার বেকার ছেলের কর্ম সংস্থান করা যাবে। এবং ২০০/২৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে বলে তিনি জানান। তবে ইতিমধ্যে লোকসভা ভেঙ্গে যাওয়ায় শিলান্যাসে দেরী হয়ে গেল। নতুন মন্ত্রীসভা গঠিত হলে জুন মাসেই এই শিলান্যাস করার ব্যবস্থা নিশ্চয়ই করা যাবে বলে শ্রীচৌধুরী আশা প্রকাশ করেন। তিনি তাঁর ভাষণে আরোও বলেন ফরাক্কা থেকে মানিকচক পর্যন্ত গঙ্গার পাড় বাঁধানোর কাজ করতেই হবে, নাহলে মালদা ভবিষ্যতে এক জলাভূমিতে পরিণত হবে। এখানে বিদ্যুৎ আশানুরূপ উৎপন্ন করা গেলে বিভিন্ন শিল্প কারখানা গড়ে (শেষ পৃষ্ঠায়)

## ব্লকের অর্থ দপ্তরের সভায় হৈ-হট্টগোল

জঙ্গিপুর : গত ১৪ মার্চ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের অর্থ দপ্তরের নিয়মমাফিক সভায় বিডিও, জয়েন্ট বিডিও, হেড ক্লার্ক, ই, ও, পি, পঞ্চায়েত সমিতির সভাপতি, লক্ষ্মীজোলা ও মিঠিপুরের দুই গ্রাম পঞ্চায়েত প্রধান উপস্থিত ছিলেন। সভা শুরু হতেই সভাপতি গিয়াসুদ্দিন সি পি এম দলের নিজস্ব জীপ (WGZ 103) গাড়ীটি ব্লক থেকে ভাড়া না নেওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান ও আগামী ১ এপ্রিল থেকে ঐ বিতর্কিত জীপটি আবার ব্লকে ভাড়া নেবার জন্য রেজুলিউশন গ্রহণে সভাকে বাধ্য করেন। এর পরই অন্য সব কাজ ফেলে রেখে যে সমস্ত কর্মী জীপটির ব্যাপারে বিডিওর কাছে অভিযোগ তুলেছিলেন তাঁদের কাজ কর্মের ত্রুটির কথা তুলে শাস্তির ব্যবস্থার দাবী জানান সভাপতি ও তাঁর (শেষ পৃষ্ঠায়)

## ট্রাকে চাপা পড়ে হোমগার্ডের মৃত্যু

ধুলিয়ান : গত ১৪ মার্চ রাতে সামসেরগঞ্জ থানার ডাকবাংলো থেকে কিছু দূরে চকশা-পুরের কালভার্টের কাছে ট্রাকে চাপা পড়ে রঞ্জিত বিশ্বাস (৩১) নামে জনৈক হোমগার্ড কর্মরত অবস্থায় মারা যান। খবরে প্রকাশ ফরাক্কাগামী একটি ট্রাক রাস্তা জ্যাম করায় রঞ্জিত টহলদারী পুলিশ জীপ থেকে নেমে রাস্তা অবরোধ মুক্ত করার সময় পিছনের একটি ট্রাক (WB 11-2097) ওভারটেক করতে গেলে রঞ্জিত চাকার তলে পিষ্ট হয়। ট্রাকটি পুলিশ জীপটিকেও ধাক্কা দিয়ে ক্ষতিগ্রস্ত করে। গোলমালের মধ্যে ট্রাক ফেলে ড্রাইভার ও খালাসী পালিয়ে (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৫ই চৈত্র বুধবার ১৩৯৭ সাল

## তোমাদের প্রণাম করি

ভারতের লোকসভা দুইবার সার্কাসের বাঘের খেলা দেখাইয়া অবশেষে গণেশ উল্টাইল। আবার নির্বাচন। অতএব অভাগা জনগণের দুয়ারে আবার দেশের মহা-মানবদের আগমন ঘটিবে। তাঁহাদের চরণধূলায় পবিত্র হইবে আমাদের গৃহাঙ্গন। নির্বাচন হওয়ার পূর্ব পর্যন্তই আমাদের মূল্য। তাহার পর তাঁহারাই আমাদের দণ্ডমুণ্ডের কর্তা হইয়া আমাদের স্কন্ধে আরোহণ করিয়া নর্তন কুর্দন করিবেন। ইহাই আমাদের ভাগ্যলিপি! দাদাঠাকুর তাঁহাদের লক্ষ্য করিয়াই বলিয়া-ছিলেন—যে মহামানবগণ আমরা দূর হইতে তোমাদের প্রণাম করি। বর্ত্তমানে সময়ো-পযোগী মনে করিয়া তাঁহার সেই রচনাটি প্রকাশ করিলাম। তিনি বলিয়াছিলেন—হে অতি মানবগণ! আমরা তোমাদের প্রণাম করি। তোমরা নানা গুণে বিভূষিত, মোহন-ভ্রান্তি বিশিষ্ট, আমাদের অপেক্ষা ধন-মান-যশ-যুক্ত। অতএব আমরা তোমাদের প্রণাম করি। তোমরা হর্ত্তা দেশীয় অপগণ্ডের, তোমরা কর্তা—স্ব-স্ব গৃহিণীর, তোমরা বিধাতা আশ্রিতগণের। অতএব আমরা তোমাদের প্রণাম করি। তোমরা একরূপে সভা মধ্যে দেখা দাও, আর একরূপে গৃহ মধ্যে বিরাজ কর এবং আর একরূপে গোপনে গোপনে উচ্চ রাজ-কর্মচারীর সহিত সাক্ষাৎ কর—অতএব হে ত্রিমূর্তে আমরা তোমাদের প্রণাম করি। তোমাদের সত্ত্বগুণ তোমাদের বক্তৃতাতে প্রকাশ; তোমাদের রজোগুণ রেলে স্পেশাল শ্রেণীতে যাতায়াত, বায়ু যানে ভ্রমণ ও নবজামাতৃ পোষাকে প্রকাশ, আর তোমাদের তমোগুণ তোমাদের পরস্পরের গাত্রে নিক্ষিপ্ত কর্দমে, কদর্য ভাষায় প্রকাশ। অতএব হে ত্রিগুণাত্মক আমরা তোমাদের প্রণাম করি। তোমরা অসৎকে পাওয়াইয়া দিবার ব্যবস্থা কর সুতরাং তোমরা সৎ। তোমরা রাজনৈতিক সময়ের পাঁয়তাড়াতে 'চিৎ'। তোমরা স্ব স্ব ধামাধরা পরগাছা কুলের 'আনন্দ'। অতএব হে সচ্চিদানন্দ আমরা তোমাদের প্রণাম করি। 'ভূত' পুণ্যে অধুনা ডাণ্ডা সমর্থনে তোমরা পাণ্ডা, 'বর্তমানে' সর্বঠাণ্ডাবারী সর্ব শক্তিমানের পার্শ্ব শোভার গণ্ডায় আণ্ডাদাতা 'ভিটোমারা' অনুগৃহীত ভক্ত। ভবিষ্যতে তোমরা অতুল ঐশ্বর্য্যের অধিকারী হইয়া উপাস্যের গুণকীর্তন করিবে আর আমাদের ত্যক্ত নিষ্ঠীবণ বৎ দূরে নিক্ষেপ করিবার আদেশ দিবে। অতএব হে ত্রিকাল-জয়ী আমরা তোমাদের প্রণাম করি। তোমরা সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, কারণ বহু লীগ, পার্টি, এসোশিয়েসন সৃষ্টি করিয়াছ; তোমরা কমলাপতি বিষ্ণু, কারণ চাঁদারূপে কমলা তোমাদের কৃপা করেন। তোমরা দেবাদিদেব মহাদেব, কেননা তোমাদের নন্দী, ভৃঙ্গী, ভূত, প্রেত, ষণ্ড প্রভৃতি আছে। অতএব তোমাদের দূর হইতে আমরা প্রণাম করি। তোমরা দিবাকর, কারণ তোমরা সকলকে আলোক দান করিয়া পথ দেখাইতেছ। তোমাদের কৃপায় বামা শ্যামা যদু মধুর চোখ ফুটিয়াছে। তোমরা অগ্নি কেননা যে কোন ন্যায়, যে কোন অন্যায় এবং পরের ছেলের মাথা খাইয়া অবলীলাক্রমে সকলই ভস্মসাৎ করিতেছ। তোমরা নানারূপে লীলা করিতেছ। তোমরা বিশ্ববিদ্যালয়ের গণ্ডি অতিক্রম না করিয়াও মহাবিদ্যালয় পরিচালনা করিতেছ। তোমাদের শ্রীচরণের ধূলা পাইবার প্রত্যাশায় কত শত যুবক যুবতী, কিশোর কিশোরীর মস্তক তোমাদের শ্রীচরণে গড়াগড়ি দিতেছে। হে অতিমানবগণ তোমাদের লীলা বোঝা সাধারণ বুদ্ধির পক্ষে ভারস্বরূপ। অতএব হে লীলাময় আমরা তোমাদের প্রণাম করি।

## দুর্মুখের খেয়ালী চিঠি

প্রিয় সম্পাদক,

দুর্মুখের কলমে লেখা চাহিয়াছ। কিন্তু কি লিখিব? মানুষের রসবোধ কমিয়া গিয়াছে। বুড়াকে বুড়া বলিলে চটিয়া যায়। ছোকরাকে ছোকরা বলিলে গালাগাল করে। সংবাদপত্র পত্র হইলেও চিঠি না একথা বোঝা উচিত। পত্র বৃক্ষের শোভা, কিন্তু শুষ্ক পত্র বাগানের আবর্জনা। তোমার ঠাকুর্দা সংবাদ পত্র বাহির করিয়াছিলেন, নিজেকে জাহির করিবার জন্য। জয়ঢাক বাজাইয়া গ্রাম গ্রাম হইতে শহরে আসিয়া নাচিয়া নাচিয়া কাগজ বা সংবাদপত্র বিক্রয় করিয়াছেন। কিন্তু তিনি নিজেই বলিয়াছেন—কাগজ বাহির করিতে যাওয়া একটি মস্ত কুবুদ্ধি। তবুও তো সে যুগে মানুষ সৎলোক দেখিলে, সাহসী লোক দেখিলে তাঁহাকে শ্রদ্ধা করিতে ভক্তি করিতে জানিত। এখনকার মত সদা টিপিয়া মারিয়া ফেলিতে সচেষ্ট হইত না। তোষামোদ-কারীর দল তৈয়ার করিয়া তাহাদের মুখে বাহবা কুড়াইবার জন্য অধীর হইত না। আপনার পোঁ ধরা সংবাদপত্রের সৃষ্টি করিয়া, সম্পাদকের কলমে নিজের মহিমা কীর্ত্তনের ব্যবস্থা করিত না। তৎকালে সংবাদপত্র দেশের, সমাজের, প্রশাসনের ব্যক্তির সমা-লোচনায় দ্বিধা করিত না। বিজ্ঞাপনের জন্য সচেষ্ট হইলেও লালায়িত হইত না। বিজ্ঞাপন-দাতাদের হিতৈষী মনে করিলেও তাহাদের পদলেহন করিয়া আপন ব্যক্তিত্ব খর্ব করিতে কেহ চাহিতেন না। দাদাঠাকুর অর্থাৎ তোমার ঠাকুর্দার কথা স্মরণ কর। তিনি বলিয়াছেন ধনভিলাষের গরম এবং উচ্চাশার গরম একই রকমের। স্বাধীনচেতার উচ্চাকাঙ্খা থাকিলেও তাহা মোরাল ক্যারেজ হীনের মত ঘোড়া রোগ নয়। যাহাতে শেষ পর্যন্ত ঘোড়াও হয় না; রোগও সারে না। তুমি ত ঠাকুর্দার পত্রিকার উপর তাঁহারই লেখা ওলট পালট করিয়া চলিতে পারিবে। তবে তাঁহার মত সৎ ও সাহস দুই রাখিতে হইবে। তাঁহার মত, তোষ (সন্তোষ) ও আমোদ (আনন্দ) দুই কাগজ মারফৎ দিবার চেষ্টা করিবে কিন্তু কখনই উহাদের সঙ্গ করিয়া তোষামোদ করিতে শিখিবে না। যাক আবার বলি সংবাদপত্র পত্র হইলেও প্রেমপত্র নয় বা চিঠিও নয়। উহার পত্রে পত্রে সংবাদ পরিবেশন করাই হইবে প্রকৃত কার্য—ইহা ভুলিয়া যাইও না।

—ইতি দুর্মুখ

## দিবালোকে প্রকাশ্য রাজপথে ছিনতাই

জঙ্গিপুর: গত ১০ মার্চ বিকাল ৫-৩০ মিঃ নাগাদ নওদা গ্রামের মাঠের মধ্যে জনৈক ছিনতাইকারী পিস্তল দেখিয়ে সরফা বিবি নামে জনৈকা মহিলার কান থেকে দুল ছিঁড়ে নেয়। মহিলার চিৎকারে আশপাশের মানুষ ছুটে এলে সরফা বিবি ছিনতাইকারীর নাম মোলম সেখ বলে জানান। গ্রামের লোক দুল উদ্ধার করে দেবার কথা বলে সরফাকে গ্রামে ফিরিয়ে নিয়ে আসে, কিন্তু বহু চেষ্টা করেও মোলমকে ধরতে পারে না। অগত্যা সরফা বিবি রঘুনাথগঞ্জ থানায় মোলমের নামে অভিযোগ দায়ের করেন বলে জানা যায়।

## বিদ্যুৎ পর্ষদের পাওয়ারমেন্স ইউনিয়নের সভা

বিশেষ প্রতিবেদক: গত ২৪ ফেব্রুয়ারী বহরমপুরে পঃ বঃ রাজ্য বিদ্যুৎ পর্ষদের পাওয়ার মেন্স ইউনিয়নের প্রথম বর্ষ জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক সমর সিন্হা ভয়াবহ বিদ্যুৎ সংকটের কারণ এবং সেই প্রেক্ষিতে সব দোষ কর্মীদের উপর চাপিয়ে দিয়ে তাঁদের গণতান্ত্রিক অধিকার হরণ সহ বিভিন্ন অত্যাচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার ডাক দেন। সভা-পতিত্ব করেন ননীগোপাল কর্মকার। আগামী বছরের জন্য ননীগোপাল কর্মকার ও সন্তোষ-কুমার মণ্ডলকে যথাক্রমে সভাপতি ও সম্পাদক নির্বাচিত করে ১০ জনের এক কার্য্যকরী সমিতি গঠিত হয়।

## বোমা, পাইপগান ও নারকেল তেল উদ্ধার

ধুলিয়ান ঃ গত ১০ মার্চ বাংলাদেশে পাচার কালে পুলিশ এক কুইণ্ট্যাল চাল ও বাংলাদেশ থেকে পাচার করে আনা ১৫ টিন নারকেল তেল আটক করে। পাচারকারীরা পুলিশ আসার সংবাদ পেয়ে আত্মগোপন করে। সমসেরগঞ্জ থানার পুলিশ গত জানুয়ারী থেকে থানার সর্বত্র জোর তৎপরতা চালিয়ে জনৈক মহসীন সেখের বাড়ী থেকে ৮ জন ডাকাতকে বোমা বানানোর সময় হাতে-নাতে ধরে। বাকী ৭ জন পালিয়ে যেতে সক্ষম হয়। তল্লাসী জোরদার করে মহসীনের বাড়ী থেকে দুটি পাইপ গান, ১৪টি তাজা বোমা ও প্রচুর বারুদ উদ্ধার করে। মহসীন সেখ পলাতক। আর একটি ঘটনায় নিমতিতার জনৈক স্বর্ণকার গণপতি সরকারের দোকানে তল্লাসী চালায়। খবর গৌতম বাস ডাকাতির ব্যপারে গোপন সংবাদ পেয়ে পুলিশ ঐ তল্লাসী চালায় ও গণপতির দোকানের আইরন সেফের মধ্যে থেকে একটি বেআইনী পাইপ গান উদ্ধার করে। গণপতিকে গ্রেপ্তার করে কোর্টে চালান দেওয়া হয়েছে।

## গণতান্ত্রিক যুব ফেডারেশনের ইউনিট সম্মেলন

জঙ্গিপুর ঃ ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের জঙ্গিপুর লোকাল কমিটির ২০টি ইউনিটের সম্মেলন চলছে। গত ১৫ মার্চ সেকেন্দ্রা ১নং ইউনিট সম্মেলন হয়েছে লালখাঁনদিয়াড় পঞ্চায়েত ভবনে এবং ২নং ইউনিট সম্মেলন হয়েছে ১৬ মার্চ সেকেন্দ্রা হাই স্কুলে। সংগঠনের লোকাল কমিটির সভাপতি সারথি মুখার্জী এ খবর জানান।

## স্থানীয় হাই স্কুলের ছাত্রের কৃতিত্ব

রঘুনাথগঞ্জ ঃ গত ৯ মার্চ বহরমপুর বি টি কলেজে সেণ্টার ফর পেডাগোজিক্যাল ষ্টাডিস ইন ম্যাথামেটিক্স ও মুর্শিদাবাদ ম্যাথামেটিক্যাল সোসাইটি যৌথভাবে গণিতের উপর এক প্রতিযোগিতামূলক আলোচনা সভার আয়োজন করেন। ঐ সভায় যোগদানকারী বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে স্থানীয় উচ্চ বিদ্যালয়ের অনির্বাণ চক্রবর্তী ও সৈকত সরকার প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করে। উক্ত অনুষ্ঠানের ধারা-বিবরণী এবং প্রথম তিনজনের বক্তব্য আকাশবাণী মুর্শিদাবাদ বেতার কেন্দ্র থেকে ১৭ মার্চ রাত্রি ৯-১০ মিঃ সম্প্রচারিত হয়েছে।

**ভ্রম সংশোধন ঃ** গত ১২ মার্চ আমাদের পত্রিকায় 'বিদ্যুৎ বিভাগের চোরাই মাল উদ্ধার' শিরোনামে যে সংবাদ প্রকাশিত হয় তাতে রাজকুমার সাহা স্থলে রাজকুমার গুপ্তা (সাহা) হবে। প্রকাশক জঙ্গিপুর সংবাদ

## রাজ্য লোকসংস্কৃতি পর্ষদ ॥ তথ্য ও সংস্কৃতি বিভাগ

### পশ্চিমবঙ্গ সরকার

### দুঃস্থ লোকশিল্পী ও লোকসংস্কৃতির চর্চায় নিযুক্ত সংস্থাগুলিকে আর্থিক অনুদান

পশ্চিমবঙ্গের দুঃস্থ লোকনৃত্য-গীত-বাদ্য এবং লোকসংস্কৃতির চর্চায় নিযুক্ত সংস্থাগুলিকে আর্থিক অনুদান দেওয়ার উদ্দেশ্যে আবেদন পত্র আহবান করা হচ্ছে। এই অনুদান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকদের মাধ্যমে বণ্টন করা হবে। আগ্রহী দুঃস্থ লোকশিল্পী এবং লোকসংস্কৃতির চর্চায় নিযুক্ত সংস্থাগুলিকে নিজ নিজ জেলায় জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকদের নিকট ২৫শে মার্চ, ১৯৯১ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নীচের নমুনানুযায়ী সাদা কাগজে দরখাস্ত করতে হবে।

দুঃস্থ লোকশিল্পীদের জন্য ঃ ক) শিল্পীর নাম খ) পিতা/স্বামীর নাম গ) ঠিকানা—গ্রাম, ডাকঘর, থানা এবং জেলার নাম উল্লেখ করতে হবে। ঘ) বয়স ঙ) মাসিক আয় চ) লোক সংস্কৃতির কোন শাখার শিল্পী এবং কত বছর ধরে যুক্ত আছেন ছ) কোন কোন অনুষ্ঠানে অংশ নিয়েছেন ( অভিজ্ঞানপত্র থাকলে নকল দিতে হবে ), আবেদনকারীর মাসিক আয় এবং বয়স প্রমাণের জন্য স্কুল সার্টিফিকেট অথবা সরকারী আধিকারিক অথবা রাজ্য লোকসংস্কৃতি পর্ষদের সদস্য অথবা সভাধিপতি জেলা পরিষদ অথবা সভাপতি পঞ্চায়েত সমিতি অথবা পৌর প্রধান এদের যে কোনও একজনের সার্টিফিকেট আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর তারিখ উল্লেখ করতে হবে। নিরক্ষর শিল্পীদের ক্ষেত্রে টিপছাপ দেওয়া চলবে। টিপছাপটি উপরে উল্লিখিত যে কোনও একজন দ্বারা প্রত্যয়িত হতে হবে।

লোকসংস্কৃতি চর্চায় নিযুক্ত সংস্থাগুলির জন্য ঃ

ক) সংস্থার নাম ও ঠিকানা খ) পরিচালকমণ্ডলীর তালিকা গ) উদ্দেশ্য ও লক্ষ্য ঘ) পশ্চিমবঙ্গ সোসাইটি রেজিঃ আইনানুযায়ী রেজিঃ নং ও তারিখ (সার্টিফিকেট দিতে হবে) এ রেজিঃ বৃত সংস্থাগুলির জন্য সংস্থার অস্তিত্ব এবং কার্যকলাপ সম্বন্ধে পঞ্চায়েত সমিতির সভাপতির শংসাপত্র পেশ করতে হবে। ঙ) কি কি কাজের জন্য অনুদান চাইছেন ? চ) মোট সদস্য সংখ্যা। ছ) সর্বশেষ পরীক্ষিত আয় ব্যয়ের হিসাব। উপরের নমুনানুযায়ী বিস্তারিত বিবরণসহ আবেদনপত্র সংস্থা শীলমোহর সহ সম্পাদকের স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।

মদনমোহন দাস

তাং ১১-৩-৯১ জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, মুর্শিদাবাদ

emo No. 186 Inf M/Advt Date 12-3-91

## টেণ্ডার নোটীশ

এতদ্দ্বারা বিড়ি সরবরাহেচ্ছু এবং লেবেল প্যাকিং করিতে ইচ্ছুক ঠিকাদারগণকে জানানো যায় যে ধুলিয়ান বিড়ি মার্চেণ্টস এ্যাসোসিয়েশনের সদস্যগণ বিভিন্ন সংশ্লিষ্ট কোম্পানীতে ( ধুলিয়ান, বৈষ্ণবনগর, কালিয়াচক শাখা অফিসসহ) ১৯৯১-৯২ সালে বাঁধাই বিড়ি সরবরাহের জন্য এবং লেবেল প্যাকিং করার জন্য সিল্‌ড টেণ্ডার আহ্বান করিতেছেন।

উক্ত টেণ্ডার ১৯৯১ সালের ৩০শে মার্চ তারিখে অপরাহ্ণ ৫ (পাঁচ) ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কোম্পানীতে দাখিল করিতে হইবে। উক্ত ৩০শে মার্চ, ১৯৯১ তারিখেই উপস্থিত টেণ্ডার দাতার সম্মুখে উক্ত টেণ্ডার খোলা হইবে এবং কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ যে কোন টেণ্ডার বা টেণ্ডারসমূহ বাতিল বা গ্রহণ করিতে পারিবেন। টেণ্ডারের নমুনা ও বিড়ির শেপ সাইজ এবং লেবেল প্যাকিং এর পদ্ধতি সংশ্লিষ্ট কোম্পানী বা অত্র এ্যাসোসিয়েশন অফিস হইতে বিশদভাবে অবহিত হইতে পারেন।

স্বাঃ শ্রীলক্ষ্মীনারায়ণ আগরওয়ালা

তারিখ, ধুলিয়ান
১৪-৩-৯১

সাধারণ সম্পাদক
ধুলিয়ান বিড়ি মার্চেণ্টস এ্যাসোসিয়েশন
ধুলিয়ান, মুর্শিদাবাদ

## বিশেষ বিজ্ঞপ্তি

### বিবেকানন্দ বিদ্যা নিকেতন

( ইংরাজী মাধ্যম ★ গভঃ রেজিঃ )

স্থাপিত ঃ ১৯৭৭

আনন্দ সংবাদ ১৯৯১-৯২ শিক্ষাবর্ষ থেকে এই বিদ্যালয়ে Std. V, VI চালু করা হল।

১৯৯১-৯২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ফরম্‌ দেওয়া হচ্ছে। নার্শারীতে তিন বৎসরের শিশুর ভর্তি হওয়া যায়। প্রিপারেটরী হতে Std. VI পর্যন্ত সব শ্রেণীতেই এ্যাডমিশন টেষ্ট দিতে হয়। সত্বর যোগাযোগ করুন। সময় সকাল ৮—৯ ( শনি ও রবিবার বাদ )। যোগাযোগ ঃ—

স্বাঃ ভারপ্রাপ্ত শিক্ষক

১। জোতকমল জুঃ হাই স্কুল
গ্রাম জোতকমল, পোঃ জঙ্গিপুর, জেলা মুর্শিদাবাদ

২। ম্যাকেঞ্জি পার্ক ফ্রি প্রাঃ স্কুল
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

## এন টি পি সিতে শ্রমিক লাঞ্ছিত

নবারুণ প্রয়েণ্ট : গত ১৩ মার্চ বিকেলে স্থানীয় তাপ বিদ্যুৎ কেন্দ্রের মেটিরিয়ালস বিভাগের জনৈক শ্রমিক সোমনাথ মুখার্জী ঐ বিভাগের সিনিয়র ম্যানেজার কে আর নিবাসের হাতে লাঞ্ছিত হন বলে জানা যায়। খবরে প্রকাশ সোমনাথ নিজের খেয়াল খুশিমত অফিসে যাতায়াত করার জন্য সিনিয়র ম্যানেজার তাঁর চেম্বারে এলে সোমনাথকে বকাবকি করেন। এই পরিপ্রেক্ষিতে সোমনাথ সিনিয়র ম্যানেজারের সঙ্গে অশালীন আচরণ করেন। কে আর নিবাস এই ঘটনায় উত্তেজিত হয়ে সোমনাথকে মারধোর করেন বলে অভিযোগ। এর জেরে পরদিন ১৪ মার্চ সিটুর একদল সমর্থক জেনারেল ম্যানেজারের অফিস ঘেরাও করেন ও অফিসের টেবিল চেয়ার উলটিয়ে কাগজপত্র ছিটিয়ে ফেলেন এবং বেশ কিছু ফুলের টব ভেঙ্গে তছনছ করেন। সিটু ইউনিয়ন শ্রীনিবাসের বিরুদ্ধে ফরাক্কা থানায় একটি কেস করেন। শ্রীকে আর নিবাসও কোর্টে অগ্রিম জামিনের আবেদন করেছেন বলে পুলিশ সূত্রে জানা যায়। অন্যদিকে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার এ্যাসোঃ তাঁদের নিরাপত্তার অভাব জানিয়ে ১৫ মার্চ কাজ বন্ধ রাখার ফলে কিছুক্ষণ বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হয়। এখনও প্ল্যাণ্ট চত্বরে চাপা উত্তেজনা রয়েছে।

## আবার বাস ডাকাতিতে লক্ষাধিক টাকা লুট

রঘুনাথগঞ্জ : গত ১৮ মার্চ রঘুনাথগঞ্জ-কলকাতা রুটে শিবনারায়ণ ট্রাভেলস্ লাক্সারী বাসে লুট হয়। বাস কর্তৃপক্ষ সূত্রে জানা যায়, রাত ১০-৩০ মিঃ নাগাদ ফুলতলা থেকে বাস ছাড়ার সময় বারোজন সন্ন্যাসী বেশধারী অচেনা যাত্রী বাসে চাপে। মোরগ্রাম ছেড়ে দোহালের কাছে ড্রাইভারকে পিস্তল দেখিয়ে ঐ বারোজন বাসটিকে পার্শ্ববর্তী মাঠে নামাতে বাধ্য করে। এবং যাত্রীদের কাছ থেকে লক্ষাধিক টাকা ছিনতাই করে তারা পালিয়ে যায়। ডাকাতদের হাতে চারজন যাত্রী আহত হন। ঘটনার পর গাড়ীটিকে রঘুনাথগঞ্জে ঘুরিয়ে মহকুমা হাসপাতালে চারজনকে ভর্তি করা হয়। তাঁদের মধ্যে তিনজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। একজনকে আশংকাজনক অবস্থায় বহরমপুর পাঠানো হয়। সাগরদীঘি পুলিশ সন্দেহক্রমে দু'জনকে গ্রেপ্তার করে।

## কংগ্রেস কর্মী সম্মেলনে

( ১ম পৃষ্ঠার পর )

তোলা সম্ভব হবে। এ সম্বন্ধে দেশের নামী-দামী শিল্পপতিদের সাথে তিনি আলোচনা করেছেন। ইতিমধ্যেই মালদায় মোদীনগর তৈরীর পরিকল্পনা নিয়ে মোদী কোম্পানীর সঙ্গে কথাবার্তা শেষ হয়েছে। বামফ্রণ্ট সরকার তাঁদের ভ্রান্ত নীতির ফলে আন্দোলনের নামে কলকারখানা বন্ধ করে পঃ বঙ্গের সর্বনাশ ডেকে এনেছেন তাঁদের ১৪ বছরের শাসন কালে বলে তিনি অভিযোগ করেন এবং আসন্ন নির্বাচনে কংগ্রেসকে জয়যুক্ত করতে আহ্বান জানান। তিনি আশা করেন পঃ বঙ্গের মানুষ সচেতন এবং এবার তাঁরা আর ভুল করবেন না। কংগ্রেস নির্বাচনে লোকসভার ৪২টি আসনের মধ্যে অন্ততঃপক্ষে ২৫টি আসন পাবে বলে তিনি দাবী করেন। কলকাতা গোয়েন্দা রিপোর্টেও নাকি বলা হয়েছে এবার বামফ্রণ্ট নির্বাচনে ৩৬% এর বেশী ভোট পাবে না।

## জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ এফ, সি, আই গোডাউনের সন্নিকটে সদর রাস্তার উপর প্রায় ১০ কাঠা জায়গা বিক্রী আছে। যোগাযোগ করুন—

শুকুমার চন্দ্র (উল ভাণ্ডার)
রঘুনাথগঞ্জ গোডাউন রোড

## সভায় হৈ হট্টগোল

( ১ম পৃষ্ঠার পর )

সমর্থকেরা। বিডিও এ ব্যাপারে বলেন ঐ সব কর্মী অফিসের কাজকর্মে অত্যন্ত সচেতন এবং কোন কাজেই তাঁরা ফাঁকি দেন না। সেক্ষেত্রে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া তাঁর পক্ষে সম্ভব নয়। তখন অভিযোগকারীরা ঐ সব কর্মীদের বিরুদ্ধে অফিস চত্বরে তাস খেলার অভিযোগ আনেন এবং বিডিওর উপর অশালীন চাপ সৃষ্টি করে হৈ চৈ করতে থাকেন। অভিযুক্ত কর্মীদের মধ্যে সিপিএম সমর্থক কো অর্ডিনেশনের কর্মীও আছেন বলে জানা যায়। অর্থ দপ্তরের সভায় অপ্রাসঙ্গিক আলোচনা উপস্থিত প্রত্যেককে অবাক করে এবং জীপ গাড়ী সম্পর্কীয় জঙ্গিপুর সংবাদে প্রকাশিত সংবাদটিই যে সভাপতি ও তাঁর সমর্থকদের উষ্মার কারণ সেটা সকলের কাছে পরিষ্কার হয়ে যায়।

## হোমগার্ডের মৃত্যু

( ১ম পৃষ্ঠার পর )

যায়। ট্রাকটিকে পুলিশ আটক করে ও রঞ্জিতকে সঙ্গে সঙ্গে জঙ্গিপুর হাসপাতালে আনা হলে তাঁকে বহরমপুর পাঠানো হয়। সেখানে রঞ্জিত মারা যায়। স্থানীয় গ্রামবাসীদের অভিযোগ প্রতিদিনের মত পুলিশ ওখানে ট্রাক থামিয়ে পয়সা আদায় করার সময়ে এই দুর্ঘটনা ঘটে।

## স্বাস্থ্য বিভাগের কলঙ্ক

( ১ম পৃষ্ঠার পর )

অপরাধে নারায়ণসহ আরো কয়েক জনের বিদ্যুৎ লাইন কেটে দেওয়া হলেও তাঁরা বেআইনীভাবে অন্য লাইন থেকে বিদ্যুৎ নিয়ে বহাল তবিয়তে রয়েছেন। ডাঃ চাকী এসব জেনেও একদম চুপচাপ বলে অভিযোগ। সি এম ও এইচ এর নিষেধ সত্ত্বেও কর্মীরা গাছের আম কাঁঠাল ভেঙ্গে বিক্রী করছেন বলে জানা যায়। খবর সাবডিভিশন্যাল কর্মী ফেডারেশনের মরজেম হোসেন এইসব অভিযোগের প্রতিকার দাবীতে ডাঃ চাকীর কাছে ডেপুটেশন দেন ও সি এম ও এইচ এর কাছে দুর্নীতির ব্যাপারে লিখিত অভিযোগ জানান।

**Government of West Bengal**
**Office of the District Inspector of Schools, ( P. E. ), Murshidabad**

**TENDER NOTICE**

No. 1/N. T. B/1991-92 Dated 13-3-91

Tender in sealed covers are invited quoting rates for carrying Nationalised Test Books from District godowns situated at Siksha Bhaban and Junior Basic Training Institutes, Berhampore to 26 Blocks godown as per the route chart and date scheduled list of which is apponded herewith by Truck from Truck Owners/Carrying contractors.

Tenderer should submit their tenders in the sealed covers to the District Inspector of Schools (P.E.), Murshidabad by Registered post with A/D and all tenders will positively reach the District Inspector of Schools, ( P. E. ), Murshidabad by 30-3-91 at the latest. Any tender received after 30-3-91 will not be accepted. No tender will be received through any messanger or personally by this Office. Earnest Money in the shape of Bank Draft/N. S .C./N. D. C. may be submitted by the tenderer himself or through his authorised person.

Tenders will be opened on 30-3-91 at 2 p. m. in presence of the tenderers or their authorised reprentatives present at the time. Tender form detailed information and service schedules may be had of from this Office on all working days between 12 noon to 3-00 p. m. upto 25-3-91, Other information may be seen from the office of the undersigned.

Sd/- District Inspector of Schools,
(Pry. Education), Murshidabad.

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অঙ্গুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।